



চট্টগ্রাম সিটি কর্পোরেশন  
জনসংযোগ শাখা  
চট্টগ্রাম।  
(প্রেস বিজ্ঞপ্তি)

**চসিক এর ভ্রাম্যমাণ আদালতের অভিযান অব্যাহত**

চট্টগ্রাম- ২৫ জুন ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট(যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে আজ সোমবার দুপুরে চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। অভিযানকালে মহানগরীর লালখান বাজার মোড় সংলগ্ন ফুটপাথ, ডিটি রোডের মুনসুরাবাদ এলাকার ও সাগরিকা রোডের ফুটপাথের উপর অবৈধ ভাবে দখল করে গড়ে উঠা ভাসমান দোকানপাট সহ শতাধিক দোকান ও দোকানের বর্ধিত অংশ অপসারণ করে ফুটপাথ ও নালা অবৈধ দখলমুক্ত করা হয়।

অভিযানকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারি ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন